দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 28 JUL 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

# নর্থ সাউথ-ইউনিভার্সিটি অব মেরিল্যান্ড সমঝোতা চুক্তি সই

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ এবং ইউনিভার্সিটি অব মেরিল্যান্ড, যুক্তরাষ্ট্রের মধ্যে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে রবিবার। নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর আমিন সরকার এবং ইউনিভার্সিটি অব মেরিল্যান্ড, যুক্তরাষ্ট্রের এফিলিয়েটেড প্রফেসর আনোয়ার হক নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের পক্ষে সমঝোতা চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তির আওতায় বিশ্ববিদ্যালয়দ্বয়ের মধ্যে শিক্ষক ও শিক্ষার্থী পর্যায়ে বৃত্তি, গবেষণা কার্যক্রম, বিশেষজ্ঞ শিক্ষক বিনিময় ইত্যাদি কার্যক্রম অন্তর্ভুক্ত। চুক্তি স্বাক্ষর ও আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান এম এ কাসেম। বিশেষ অতিথি ছিলেন প্রকৃতি ও জীবন ফাউন্ডেশনের চেয়ারম্যান মুকিত মজুমদার বাবু। স্বাগত বক্তব্য রাখেন এনএসইউ এক্সটারনাল এ্যাফেয়ারসের পরিচালক প্রফেসর মিজান আর খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্কুল অব হেলথ এ্যান্ড লাইফ সায়েন্সের ডীন প্রফেসর জিইউ আহসান। বিশেষ অতিথি ইউনিভার্সিটি অব মেরিল্যান্ড, যুক্তরাষ্ট্রের এফিলিয়েটেড প্রফেসর আনোয়ার হক বলেন, 'উচ্চ শিক্ষার পথিকৃৎ নর্থ সাউথ ইউনিভার্সিটি কেবল দেশেই নয় দক্ষিণ এশিয়ায় অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করতে সমর্থ হয়েছে। নর্থ সাউথ ইউনিভার্সিটি বিশ্বায়নের পথে এগিয়ে যাচ্ছে, এবং এমএ কাসেমের মত একজন শিক্ষানুরাগী এ যাত্রাকে [illegible] লক্ষ্যে নিয়ে যাবেন বলে আমি আশা করি।' প্রধান অতিথির বক্তব্যে এনএসইউ চেয়ারম্যান এম এ কাসেম বলেন,

'সিঙ্গাপুর, লন্ডন কিংবা নিউইয়র্কের বিভিন্ন কমিউনিটিতে গিয়ে বাংলাদেশে বেসরকারী পর্যায়ে উচ্চ শিক্ষার অগ্রদূত নর্থ সাউথ ইউনিভার্সিটির প্রশংসা শুনতে পাই, কিন্তু আমাদের অনেকেই দ্বিধাগ্রস্ত হই নিজেদের অর্জনগুলোকে স্বীকৃতি বা প্রেরণা দেয়ার ব্যাপারে।' -বিজ্ঞপ্তি